রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

Office of the Registrar
Islamic University
Kushtia-Jhenaidah, Bangladesh
Phone: +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX: +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ৮৩/শিক্ষা/২৪৩-২০২৩/৮১
Ref. No.

তারিখ : ০৪.০৪.২০২৩
Date:

## অতীব জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল বোর্ড বৃত্তিধারী ছাত্র-ছাত্রীদেও অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভূক্ত বিভিন্ন শ্রেণীতে মেধা বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের ২০২২-২০২৩ এবং বিভিন্ন অর্থ বছরের বকেয়া বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য MIS এ তথ্য এন্ট্রিকরণ/ভুল সংশোধনের জন্য অতীব জরুরী ভিত্তিতে আগামী ০৮-০৪-২০২৩ ইং তারিখের মধ্যে অন লাইন ওয়েব সাইটে https://forms.gle/oxJPEak9vY8dofA29 এই লিংকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১১৭.২০.০০০১.২০-১৪৮৬/২২, তারিখ ২৮/০৩/২০২৩ এর পত্রটি সংযুক্ত। পত্রের নির্দেশনা অনুসরণপূর্বক আবেদন করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

উল্লেখ্য যে, কোন প্রকার ভুল তথ্য এন্ট্রি করার কারণে যদি কর্তৃপক্ষ বৃত্তির টাকা মঞ্জুর না করে, সেই ক্ষেত্রে একাডেমিক শাখা তার দায়ভার বহন করবে না।

৪/৪/২০২৩

উপ-রেজিস্ট্রার (শিক্ষা)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৪৮৬/২২

তারিখ : ২৮-০৩-২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ২০২২-২০২৩ এবং বিভিন্ন অর্থবছরের বকেয়া বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য MIS-এ তথ্য এন্ট্রিকরণ/ভুল সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে।

বৈশ্বিক অতিমারির কারণে যেসব শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য MIS-এ যথাসময়ে এন্ট্রি না করায়/এন্ট্রিকৃত তথ্যের মধ্যে বিভিন্ন ভুল (শিক্ষার্থীর নাম, পরীক্ষার নাম ও সাল, বৃত্তির ধরন, ব্যাংক ও শাখার নাম, হিসাব ও রাউটিং নম্বর, ইত্যাদি) রয়েছে এবং পিইসি (২০২২), এসএসসি (২০২২) এবং এইচএসসি (২০২২) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিভিন্ন অর্থবছরের বৃত্তিপ্রাপ্ত যেসকল শিক্ষার্থীর তথ্য MIS Software-এ এন্ট্রি প্রদান করা হয়নি কিংবা ভুল তথ্য এন্ট্রির কারণে ব্যাংক হিসাবে টাকা প্রেরণ করা সম্ভব হয়নি অথবা একই শিক্ষার্থীর একটি পরীক্ষার বিপরীতে একাধিক এন্ট্রি রয়েছে তাদের তথ্য আগামী ১০ এপ্রিল, ২০২৩ তারিখের মধ্যে MIS-এ এন্ট্রি/ভুল সংশোধন/একাধিক এন্ট্রি নিষ্ক্রিয়করণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বি: দ্র: অর্থ মন্ত্রণালয় হতে সমাপ্ত অর্থবছরের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বকেয়া অর্থবছরের বৃত্তির টাকা প্রদান করা হবে।**

**MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :**

০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
০২। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে/১৮ বছরের কম শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে;
০৩। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ তথ্য সংশোধনের ক্ষেত্রে শিক্ষার্থীদের নামের স্থলে উভয়ের নাম এন্ট্রি করতে হবে;
০৪। শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
০৫। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৬। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
০৭। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে;
০৮। বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
০৯। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
১০। ব্যাংক হিসাবটি বর্তমানে অবশ্যই সচল (Active) থাকতে হবে;
১১। বিকাশ, শিওর ক্যাশ, নগদসহ এ ধরণের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা;
১২। একটি পরীক্ষার বিপরীতে একজন শিক্ষার্থীর একাধিক এন্ট্রি (Double/Triple Entry) করা যাবে না। Double/Triple Entry থাকলে সঠিক এন্ট্রি রেখে অবশিষ্ট এন্ট্রি নিষ্ক্রিয় (Deactivate) করতে হবে;
১৩। শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য অবশ্যই দুই জন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে (অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের **স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০, তারিখ: ০২/০৩/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়);**
১৪। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
১৫। তথ্য এন্ট্রি দেয়ার সময়সীমা : ১০ এপ্রিল, ২০২৩ পর্যন্ত।

**তথ্য পূরণ/সংশোধন এর জন্য লিংক নিম্নরূপ :**

- DSHE Scholarship MIS এর URL (লিংক) : **scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login**

২৮.৩.২০২৩
(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন: ০২২২৩৩৮৩৪৩৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৬. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৭. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৮. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৯. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
(আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১০. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
১১. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
১২. রেজিস্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি.... সকল)
১৩. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)
১৪. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারি .....সকল)
১৫. অধ্যক্ষ, সরকারি/ [illegible]